# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৯৬

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৬. ছেলেকে খুনের দায়ে বাবাকে মৃত্যুদণ্ড প্রদান করা

بَاب فِي الْقَوَدِ بَيْنَ الْوَالِدِ وَالْوَلَدِ

## আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَونٍ عَنْ إِسْمَعِيلَ بْنِ مُسْلِمٍ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ طَاوُسٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تُقَامُ الْحُدُودُ فِي الْمَسَاجِدِ وَلَا يُقَادُ بِالْوَلَدِ الْوَالِدُ

## বাংলা

২৩৯৬. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “মসজিদের ভিতর হদ্দ কার্যকর করা যাবে না এবং ছেলেকে খুনের দায়ে বাবাকে মৃত্যুদণ্ড প্রদান করা যাবে না।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: ইসমাঈল ইবনু মুসলিম আল মাক্কীর কারণে এর সনদ যয়ীফ। তবে হাদীসটি এর বিভিন্ন সনদ থাকায় এবং (হাকিম ইবনু হিযাম হতে) এর শাহীদ হাদীস থাকার কারণে সহীহ।

আর আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি এবং এর সকল সনদ একত্র করেছি মাজমাউয যাওয়াইদ নং ২০৭৫ তে এহাদীসের শাহীদ হিসেবে জুবাইর ইবনু মুতঈম এর হাদীসটিতে। এছাড়াও: ইবনু আবী শাইবা ১০/৪৩ নং ৮৭০০; আবূ নুয়াইম, হিলইয়া ৪/১৮; সাহমী, তারিখ জুরজান পৃ: ৪৩০ তে। দেখুন, মাজমাউয যাওয়াইদ নং ২০৭৫, ২০৭৬, নাসবুর রায়াহ ৪/৩৪০, ৩৪১ ও তালখীসুল হাবীর ৪/৭৭। ((তিরমিযী, দিয়াত ১৪০১; ইবনু মাজাহ, হুদুদ ২৫৯৯, ২৬৬১।-অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82679

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন